

PRINT

সমকাল

শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক

নির্দেশিকা হিসেবে কাজ করবে অভিন্ন শিক্ষক নিয়োগ নীতিমালা

১২ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তাবিত অভিন্ন শিক্ষক নিয়োগ, পদোন্নতি ও পদোন্নয়নের নীতিমালা প্রতিটি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্দেশিকা হিসেবে কাজ করবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, 'একেক বিশ্ববিদ্যালয়ের নিয়োগ নীতিমালা একেক রকম। এজন্য আমরা একটি কাঠামো তৈরি করছি। কাজটা মূলত করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। এই কাঠামো কোনো সরকারি নির্দেশ নয়, বরং এক ধরনের নির্দেশিকা হিসেবে কাজ করবে। একে ন্যূনতম যোগ্যতা হিসেবে ধরে সব বিশ্ববিদ্যালয় তাদের নীতিমালা তৈরি করবে।'

গতকাল সোমবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষক সমিতি ফেডারেশনের নেতাদের সঙ্গে বৈঠকে বসেন শিক্ষামন্ত্রী। তিনি সেখানে এসব কথা বলেন।

'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনে'র সভাপতি অধ্যাপক এ এস এম মাকসুদ কামালের নেতৃত্বে সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকরা সভায় উপস্থিত ছিলেন। শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইন এবং ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক কাজী শহীদুল্লাহ এ সময় উপস্থিত ছিলেন।

শিক্ষক নেতারা প্রস্তাবিত নীতিমালা নিয়ে তাদের নানা আপত্তির কথা তুলে ধরেন। একই সঙ্গে অভিন্ন শিক্ষক নিয়োগ নীতিমালারও বিরোধিতা করেন। শিক্ষক নেতারা বলেন, দেশের সব বিশ্ববিদ্যালয়ের চরিত্র এক নয়। সুতরাং একই নীতিমালায় নিয়োগ হতে পারে না। ভিন্ন ভিন্ন বিষয় ও অনুষদের ক্ষেত্রে শিক্ষক নিয়োগের যোগ্যতারও তারতম্য হতে পারে।

শিক্ষামন্ত্রী তাদের সমস্যাগুলো লিখিত আকারে জমা দেওয়ার অনুরোধ জানান। এ ছাড়া তিনি শিক্ষকদের গবেষণার ওপরও গুরুত্বারোপ করেন।

জানা যায়, অভিন্ন শিক্ষক নিয়োগ নীতিমালার খসড়ায় পাবলিক বিশ্ববিদ্যালয়ে লিখিত, মৌখিক ও প্রদর্শনী ক্লাসের মাধ্যমে শিক্ষক নিয়োগের কথা বলা হয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের এন্ট্রি পদ 'প্রভাষক' পদে নিয়োগ পেতে হলে অনার্স ও মাস্টার্সে সংশ্লিষ্ট প্রার্থীকে কমপক্ষে সিজিপিএ ৪-এর মধ্যে কমপক্ষে ৩.৫ পেতে হবে। তবে বিভিন্ন অনুষদ ও বিশ্ববিদ্যালয় অনুযায়ী প্রার্থীর যোগ্যতায় ভিন্নতা রয়েছে। এ ছাড়া পদোন্নতি পেতে হলে আগের মতোই শিক্ষকতার অভিজ্ঞতার সময়সীমা ঠিক রাখা হয়েছে। তবে প্রকাশনার সংখ্যা প্রস্তাবিত নীতিমালায় বাড়ানো হয়েছে। পদোন্নতি পেতে প্রকাশনার সংখ্যা প্রায় দ্বিগুণ করা হয়েছে নীতিমালার খসড়ায়।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com